হিউম্যান টিস্যু অথরিটি
বৌন ম্যারৌ ও প্যারিফ্যারাল্ ব্লাড স্টেম সেল্ দান সম্পর্কে তথ্য

আপনি, অথবা আপনার পরিবারের কোন সদস্য যদি বৌন ম্যারৌ অথবা প্যারিফ্যারাল ব্লাড স্টেম সেলস্ (PBSC) দানের বিবেচনা করেন, তা হলে মূল্যায়ন প্রক্রিয়ায় হিউম্যান টিস্যু অথরিটি (HTA)-এর ভূমিকা সম্পর্কে এই প্রচারপত্র আপনাকে তথ্য দিবে। প্যারিফ্যারাল ব্লাড স্টেম সেলস্ হলো এক ধরনের সেলস্ বা জীবকোষ যা ব্লাডস্ট্রীম (রক্তপ্রবাহ)-এ দেখা যায়। ব্লাডের মধ্যে সে সেল-গুলো বিভিন্ন ধরনের সেলের আকারে উন্নতি লাভ করতে সমর্থ হয়।

এই প্রচারপত্রে যেগুলো সম্পর্কে বিস্তারিত বিবরণ সরবরাহ করবে সেগুলো হলোঃ

- বৌন ম্যারৌ (অস্থির মজ্জা) ও PBSC দানের প্রসঙ্গে আইন-বিধি;
- HTA -এর ভূমিকা, যা এই সকল দানকে আইন-বিধির মাধ্যমে নিয়ন্ত্রণ করে;
- দানাকারী বা ডৌনার কে হতে পারে; এবং
- HTA মূল্যায়ন প্রক্রিয়া যা হলো দান এগিয়ে যাওয়ার আগে দানকারী ও ট্রান্সপ্ল্যান্ট গ্রহণকারী (রিসিপিয়েন্ট)-এর প্রয়োজনীয় প্রক্রিয়াগুলো সম্পূর্ণভাবে পরীক্ষা-নিরীক্ষা করতে হবে।

ট্রান্সপ্ল্যান্ট ইউনিট থেকে আপনার পাওয়া অন্যান্য তথ্য পড়াসহ এই প্রচারপত্র পড়া আপনার জন্যে গুরুত্বপূর্ণ। দানকারী (অথবা দানকারীর পক্ষে কার্যরত ব্যক্তি) এবং ট্রান্সপ্ল্যান্ট গ্রহণকারী ব্যক্তির জন্যে কি কি জড়িত আছে, এই পদ্ধতিতে, সঠিকভাবে সবকিছু জানতে পারবেন।

হিউম্যান টিস্যু অ্যাক্ট ও হিউম্যান টিস্যু অথরিটির ভূমিকা

হিউম্যান টিস্যু অ্যাক্ট 2004 (HT অ্যাক্ট) দ্বারা বৌন ম্যারৌ ও PBSC ইংল্যান্ড, নর্থ্যার্ণ আইয়ারল্যান্ড ও ওয়েলসে আইন-বিধি অনুসরণের মাধ্যমে নিয়ন্ত্রণ করা হয়। হিউম্যান টিস্যু (স্কটল্যান্ড) 2006 অ্যাক্ট দ্বারা বাচ্চাদের দানকৃত বৌন ম্যারৌ স্কটল্যান্ডে আইন-বিধি অনুসরণের মাধ্যমে নিয়ন্ত্রণ করা হয়। দানের আগে লোকজনের সম্মতি (অথবা অনুমতি) প্রসঙ্গে বিশেষ করে, উপযুক্ত আচরণে উন্নয়নসাধন এই দুটো আইনেই প্রতিফলিত হয়েছে।

HT অ্যাক্ট সম্পর্কে পরামর্শ ও নির্দেশ HTA অর্থাৎ আমরা সরবরাহ করে থাকি ও লোকজন যে সেটা অনুসরণ করে তা আমরা নিশ্চিত করি। দানের জন্যে একটি স্পষ্ট নির্মাণ কাঠামো সৃষ্টি করাই আমাদের উদ্দেশ্য ও লক্ষ্য। রোগী, পরিবার ও পেশাজীবীদের আস্থা এতে রয়েছে । আমরা লে মেম্বার্স বা অপেশাদার সদস্য (পেশাজীবীর স্বার্থ ছাড়া সদস্য) ও পেশাজীবী সদস্য উভয়কে নিয়েই আমরা গঠিত হয়েছি।

বাচ্চা ও প্রাপ্তঃবয়স্ক যাদের অবহিত সিদ্ধান্ত গ্রহণের সমর্থ নেই তাদের নিকট থেকে বৌন ম্যারৌ অথবা PBSC -এর ব্যাপারে সকল দানকে অনুমোদন করার জন্যে আমরা দায়ী। এই সমস্ত বাচ্চা অথবা প্রাপ্তঃবয়স্করা, যে কোন কারণেই হোক, দানের ব্যাপারে সম্মতি প্রদানে সক্ষম হতে পারে না।

বৌন ম্যারৌ ও PBSC দানে যে সব বাচ্চা ও প্রাপ্তঃবয়স্ক তাদের সম্মতি দিতে সক্ষম হয়, সেগুলোর অনুমোদন স্থানীয় হাসপাতাল দ্বারা দেওয়া হয় এবং আমাদের দ্বারা তা দেওয়া হয় না।

ম্যারো বৌন অথবা PBSC কেন দান করা হয়?

যাদের ক্যানসার ও লিউকেমিয়ার মতো গুরুতর অসুস্থতা রয়েছে তারা তাদের চিকিৎসার অংশ হিসেবে সাধারণত কেমোথেরাপী অথবা রেডিওথেরাপী পেয়ে থাকে। ক্যানসার সেলসের ক্ষতি করা ছাড়াও এই চিকিৎসা তাদের বৌন ম্যারো স্টেম সেলসের ক্ষতিসাধন করতে পারে। এই সব লোকজনকে ড্রাগস ও রেডিয়েশনের উচ্চ পরিমাণে ডৌসেস (মাত্রাকৃত ঔষধের অংশ) দেওয়া ডাক্তারদের জন্যে বৌন ম্যারো অথবা প্যারিফ্যারাল ব্লাড থেকে স্বাভাবিক স্টেম সেলে ট্রান্সপ্ল্যান্ট করা অনুমোদন রয়েছে। দানকৃত স্টেম সেলস রোগীকে 'উদ্ধার' করে। এ ছাড়াও, ট্রান্সপ্ল্যান্টের কারণে ইম্মিউন বা মুক্ত সেলের সৃষ্টি হতে পারে যা রোগীকে অব্যাহতিতে থাকার সহায়তা করে (সেটা তখনই হয় যখন রোগীর ক্যানসার তখনও না থাকে)।

বৌন ম্যারো অথবা PBSC কে দান করতে পারে?

জীবন্ দানকারী বা ডৌনারদের নিকট থেকে শুধুমাত্র বৌন ম্যারো ও PBSC নেওয়া যেতে পারে। সাধারণতঃ সবচেয়ে উপযুক্ত দানকারী হলো নিকটতম কোন আত্মীয়, যেমন ভাই অথবা বোন। ভাই অথবা বোনের উপযুক্ত মানানসই হওয়ার সম্ভাবনা হলো চারের-মধ্যে-এক।

ভাই অথবা বোন যদি উপযুক্ত মানানসই না হয়, আত্মীয় নন এমন কোন একজনের নিকট থেকে মানানসই পাওয়া কোন কোন সময় সম্ভব হতে পারে। তবে, ট্রান্সপ্ল্যান্টের জটিলতা কম থাকা সহায়তার জন্যে এমন একজন দানকারীকে অগ্রাধিকার দেওয়া যাবে যার জেনেটিক বা প্রজনন গঠন ট্রান্সপ্ল্যান্ট গ্রহণকারী (রিসিপিয়েন্ট)-এর মতো একই থাকে।

ট্রান্সপ্ল্যান্ট এগিয়ে যাওয়ার আগে বৌন ম্যারো অথবা PBSC -এর দানের ব্যাপারে কার্যপদ্ধতি ও জড়িত সকল ঝুঁকি পুরোপুরি বোঝা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কি কি বিষয় সংশ্লিষ্ট রয়েছে সেটা আপনি যাতে জানতে পারেন সে জন্যে অতিরিক্ত তথ্য স্থানীয় টান্সপ্ল্যান্ট সেন্টার আপনাকে দিতে পারবে।

সম্মতি

দান বা ডৌনেশন কার্যকরী হওয়ার জন্যে দানকারীর যে সম্মতি রয়েছে সেটা আমরা অবশ্যই নিশ্চিত করবো।

যদি কোন বাচ্চা তার সম্মতি দিতে অক্ষম হয় তাহলে দানের অনুমতি দেওয়ার জন্যে অন্য কোন ব্যক্তি তার পক্ষ থেকে কার্যসাধন করতে পারবে। সম্ভাব্য ক্ষেত্রে সেটা বাচ্চার পিতা/মাতা অথবা পিতামাতারাও হতে পারে। বাচ্চার উত্তম স্বার্থ রক্ষার্থে যদি কোন বিরোধের সৃষ্টি হয় তা হলে অনুমোদনের জন্যে আদালতে বিষয়টি পাঠানোর প্রয়োজন হবে।

কোন দূর্লভ ক্ষেত্রে যদি কোন প্রাপ্তঃবয়স্ক তার সিদ্ধান্ দিতে অক্ষম হন তা হলে দান এগিয়ে যাবে কিনা সেটা একমাত্রই আদালতই বলতে পারবে বলে আইনে রয়েছে।

মূল্যায়ন প্রক্রিয়া

ট্রান্সপ্ল্যান্ট কার্যকরী করার আগে সেটা যে গ্রহণকারীর চিকিৎসার জন্যে উপযুক্ত ও ডাক্তারের জন্যে সেখানে কোন অপ্রয়োজনীয় ঝুঁকি নেই তা নিশ্চিত করার জন্যে দানকারী ও গ্রহণকারীকে অবশ্যই সম্পূর্ণভাবে মূল্যায়ন করতে হবে। চিকিৎসাগত পরীক্ষা-নিরীক্ষা করা ছাড়াও, তারা যে সুসংগত তা যাচাই করা, কার্যপ্রণালীর ঝুঁকি ও সুবিধা সম্পর্কে আলাপ-আলোচনাও এতে রয়েছে।

বাচ্চা দানকারীর ক্ষেত্রে, বাচ্চার বয়সের সঙ্গে সঙ্গতিপূর্ণ লেভেল অনুসারে বাচ্চা যে তথ্য বুঝতে পারছে সেটা নিশ্চিত করা গুরুত্বপূর্ণ। বালক-বালিকাদের জন্যে প্লে থেরাপিষ্টের সঙ্গে সেশন বা অধিবেশনের প্রক্রিয়াও হয়তো জড়িত হতে পারে। দানের তথ্য বোঝার ব্যাপারে বালক-বালিকার বয়স যদি আরও কম হয় তা হলে যে ব্যক্তি বাচ্চার পক্ষে (সাধারণত বাচ্চার পিতা অথবা মাতা) কার্যরত থাকবে সে ব্যক্তির কার্যপ্রণালী ও ঝুঁকি অবশ্যই সম্পূর্ণভাবে বুঝতে হবে।

মূল্যায়ন চলাকালে ও চিকিৎসা শুরুর আগ পর্যন্ত কোন সময় কার্যপ্রণালী (প্রসিডিউর) থেকে দানকারী ও গ্রহণকারী উভয়েই প্রত্যাহার করার জন্যে বাধা-মুক্ত থাকবেন।

সম্মতি দিতে অক্ষম এমন একজন সম্ভাব্য দানকারীকে স্থানীয় অ্যাক্রেডিটেড অ্যাসেসর (AA) দ্বারা অবশ্যই সাক্ষাতকার নেওয়া হবে। দান এগিয়ে যাওয়ার ব্যাপারে আমাদের অনুমোদন দেওয়া উচিত কিনা সে সম্পর্কে তিনি সুপারিশ করবেন। আমাদের প্রতিনিধি হিসেবে AA কার্যসাধন করবে। দানকারী ও গ্রহণকারীর ব্যাপারে ডাক্তার অথবা নার্স দায়িত্বশীল থাকার কারণে তারা এ ক্ষেত্রে হবে না। দানে কি কি জড়িত রয়েছে সেটা যে সে (ডোনার) বুঝতে পারছে, তা নিশ্চিত করার জন্যে দানকারীর অথবা দানকারীর পক্ষে কার্যরত ব্যক্তির সাক্ষাতকার AA নিবে।

AA যা অবশ্যই নিশ্চিত করবে তা হলো:

- চিকিৎসাগত কার্যপ্রণালীর প্রকৃতি, জড়িত ঝুঁকি ও পরিবারের উপর প্রভাব সম্পর্কে দানকারী (অথবা দানকারীর পক্ষে কার্যরত ব্যক্তি)-কে একজন রেজিষ্টার্ড মেডিকেল প্র্যাকটিশনার দ্বারা ব্যাখ্যা করা;
- রেজিষ্টার্ড মেডিকেল প্র্যাকটিশনার দ্বারা সরবরাহকৃত তথ্য দানকারী (অথবা দানকারীর পক্ষে কার্যরত ব্যক্তি) বুঝতে পারা, ও বৌন ম্যারৌ অথবা PBSC-কে অপসারণে তার সম্মতি থাকা;
- দানকারী (অথবা দানকারীর পক্ষে কার্যরত ব্যক্তি)-এর মুক্তভাবে তার অনুমতি দিয়েছেন; এবং
- দানকারী (অথবা দানকারীর পক্ষে কার্যরত ব্যক্তি) যে কোন সময় তার অনুমতি প্রত্যাহার করার ব্যাপারে তার অধিকার বোঝা ও গ্রহণকারী (রিসিপিয়েন্ট)-এর জন্যে সেটা কি মানে করে তা উপলব্ধি করতে পারা।

পুরস্কার (রিওয়ার্ড)

AA পর্যালোচনা করার জন্যে আমাদেরকে একটি রিপোর্ট দিবে। দানকারী (অথবা দানকারীর পক্ষে কার্যরত ব্যক্তি) যে কোন চাপের মুখে দান করেন নাই ও তিনি যে মুক্তভাবে তার সম্মতি দিয়েছেন সে ব্যাপারে আমাদের অবশ্যই সন্তুষ্ট হতে হবে। অন্য কথায়, প্রসিডিউর বা কার্যপ্রণালীতে সম্মত হওয়ার জন্যে দানকারী (অথবা দানকারীর পক্ষে কার্যরত ব্যক্তি)-এর সিদ্ধান্তে অযথাযথভাবে পুরস্কার বা রিওয়ার্ড প্রভাব ফেলার কোন প্রমাণ যে নাই সে সম্পর্কেও আমাদের সন্তুষ্ট হতে হবে।

দানকারীর পক্ষে আপনি কাজকর্ম যদি করেন, অপ্রীতিকর অভিজ্ঞতা গ্রহণের উদ্দেশ্যে কোন বাচ্চাকে পুরস্কারের প্রস্তাব করা – হাসপাতালে যাওয়া অথবা বেদনাদায়ক কার্যপ্রণালী সহ্য করার মতো কাজকর্ম – যখন স্বাভাবিক, তা হলে তখন কোন বাচ্চাকে কার্যপ্রণালীর সম্মতিতে প্ররোচিত করার জন্যে অবশ্যই পুরস্কার ব্যবহার না করার ব্যাপারে মনে রাখা গুরুত্বপূর্ণ।

কোন বাচ্চাকে কি ধরনের পুরস্কার প্রদান যথাযথ হতে পারে সেটা সুনির্দিষ্টভাবে বলা কঠিন হতে পারে কেন না বিভিন্ন পরিবার ও বিভিন্ন সংস্কৃতির মধ্যে সেটা গুরুত্বপূর্ণভাবে ভিন্ন হতে পারে। দানকারীর সিদ্ধান্তের উপর কোন কোন পুরস্কার প্রভাব ফেলার কারণে তারা দানে প্ররোচিত হয়ে থাকে। যেখানে দানের সম্মতি মুক্তভাবে দেওয়ার প্রমাণ না পাওয়া যাবে সেখানে দান বা

ডোনেশনকে আমরা অনুমোদন করবো না। আপনি যদি নিশ্চিত না থাকেন তা হলে যে হাসপাতালে আপনি যান সেই হাসপাতালের ট্রান্সপ্ল্যান্ট কো-অর্ডিনেটর অথবা অ্যাক্রেডিটেড অ্যাসেসরের সঙ্গে এ ব্যাপার নিয়ে আলোচনা করতে পারেন।

সংক্ষিপ্ত ব্যাখ্যা (নোট)

HT অ্যাক্ট-এর শর্তাবলী যদি না মিটিয়ে দুটো জীবন্ত লোকের মধ্যে ট্রান্সপ্ল্যান্ট অপারেশন পরিচালনা করা হয় তা হলে সেটা অপরাধ সংক্রান্ত লঙ্ঘন বলে বিবেচিত হবে। দানকারী ও গ্রহণকারীর দুজনের সম্মতি প্রদানও এতে রয়েছে। ট্রান্সপ্ল্যান্টে ব্যবহার করার জন্যে মানবিক টিস্যু (জীবশরীরের কোষসমষ্টি) কেনা অথবা বিক্রি অথবা মানবিক টিস্যু কেনা অথবা বিক্রির জন্যে বিজ্ঞাপন দেওয়াও একটি অপরাধ। এই অপরাধগুলোর জন্যে শাস্তি, তিন বৎসরের জেল-হাজত অথবা জরিমানা, অথবা উভয়ই, হতে পারে।

আরো তথ্য

একটি নির্দেশিকা হিসেবে শুধুমাত্র এই প্রচারপত্র। আমাদের সম্পর্কে অথবা HT অ্যাক্ট সম্পর্কে আরো তথ্য জানার জন্যে www.hta.gov.uk ওয়েবসাইটে যান অথবা যাকে যোগাযোগ করতে হবে তারা হলোঃ

Human Tissue Authority
Finlaison House
15–17 Furnival Street
London
EC4A 1AB.

ফোন 020 7211 3400
ফ্যাক্স 020 7211 3430
ইমেইল enquiries@hta.gov.uk

ওয়েলস, উর্দু, গুজরাতী, পাঞ্জাবী ও হিন্দি ভাষায় আমাদের ওয়েবসাইটে এই প্রচারপত্র পাওয়া যায়।

মার্চ 2007 সালে প্রকাশিত।

গ্রন্থস্বত্বঃ হিউম্যান টিস্যু অথরিটি